

উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে দক্ষ কর্মী বিদেশে প্রেরণ করতে পারলে দেশের লাভ

- প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রী ইমরান আহমদ, এমপি

আজ সকাল ১০ টায় প্রবাসী কল্যাণ ভবনের ব্রিফিং সেন্টারে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের আওতাধীন মাঠ পর্যায়ের দপ্তর প্রধানদের অংশগ্রহণে দিনব্যাপী কর্মশালায় প্রধান অতিথির বক্তৃতায় মন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, উপযুক্ত প্রশিক্ষণ দিয়ে দক্ষ কর্মী বিদেশে প্রেরণ করতে পারলে দেশের লাভ। তিনি বলেন, দক্ষ কর্মী তৈরিতে কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রগুলোকে মানসম্মত ও যুগোপযোগী প্রশিক্ষণ দিতে হবে। প্রয়োজনে প্রশিক্ষণের মেয়াদ বাড়াতে হবে। তিনি আরো বলেন, আন্তর্জাতিক শ্রম চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ কোর্স চালু করতে হবে।

মন্ত্রী বলেন, যে মহান নেতার নেতৃত্বে আমাদের বাংলাদেশ স্বাধীনতা লাভ করেছে, তাঁর স্বপ্নের সোনার বাংলা ও শেখ হাসিনার ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নে সবাইকে এগিয়ে আসতে হবে। তিনি আরো বলেন, নিরাপদ, নিয়মিত ও সুশৃঙ্খল অভিবাসন নিশ্চিত করতে দেশব্যাপী ব্যাপক জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে মন্ত্রণালয় ইতোমধ্যে অনেকগুলো কর্মসূচি হাতে নিয়েছে।

মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান বলেন, বৈধ উপায়ে অধিক সংখ্যক দক্ষকর্মী বিদেশে প্রেরণ করতে পারলে ২০৪১ সালের আগেই বাংলাদেশ উন্নত দেশের মর্যাদায় উন্নীত হবে।

মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান এর সভাপতিত্বে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, বিএমইটি'র মহাপরিচালক মোঃ সেলিম রেজা, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব নাজীবুল ইসলাম, যুগ্মসচিব মোঃ জাহাঙ্গীর আলম, বিভিন্ন টিটিসি'র অধ্যক্ষগণ এবং জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও)'র প্রধানগণ বক্তৃতা করেন।

দিনব্যাপী এই কর্মশালায় দেশের ৭০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র (টিটিসি) এবং বিভাগীয়/ জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের প্রধানগণ উপস্থিত ছিলেন।



